দৈনিক
ইত্তেফাক

তারিখ 3 APR 2013
পৃষ্ঠা ২০ কলাম ৭

# জবির ২১ ছাত্রলীগ কর্মীর বিরুদ্ধে আদালতে অভিযোগ গ্রহণ

## বিশ্বজিৎ হত্যা মামলা

■ কোর্ট রিপোর্টার

গত বছরের ৯ ডিসেম্বর পুরান ঢাকার ভিক্টোরিয়া পার্কের কাছে দর্জি দোকানি বিশ্বজিৎ দাসকে পিটিয়ে হত্যার ঘটনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২১ ছাত্রলীগ কর্মীকে অভিযুক্ত করে দাখিল করা অভিযোগপত্র গ্রহণ করে পলাতক ১৪ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। গতকাল মঙ্গলবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোস্তাফিজুর রহমান এ আদেশ দেন। একইসঙ্গে পলাতকদের বিরুদ্ধে জারি করা গ্রেফতারি পরোয়ানা তামিল সংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ১৭ এপ্রিল দিন ধার্য করেন।

নৃশংস এ হত্যার দুই মাস ২৪ দিন পর গত ৫ মার্চ মামলার তদন্ত কর্মকর্তা গোয়েন্দা পুলিশের পরিদর্শক তাজুল ইসলাম ২১ জনকে অভিযুক্ত করে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে অভিযোগপত্র দাখিল করেন। চার জনকে এ মামলা থেকে অব্যাহতির আবেদন করা হয়।

অভিযোগপত্রভুক্ত আসামিরা হলেন- ছাত্রলীগ ক্যাডার রফিকুল ইসলাম শাকিল (চাপাতি শাকিল), মাহফুজুর রহমান পৃষ্ঠা ২ কলাম ৪

## জবির ২১ ছাত্রলীগ কর্মীর

২০ পৃষ্ঠার পর

নাহিদ, এমদাদুল হক এমদাদ, জিএম রাশেদুজ্জামান শাওন, এইচ এম কিবরিয়া, কাইউম মিয়া টিপু, সাইফুল ইসলাম, রাজন তালুকদার, খন্দকার মো. ইউনুস আলী, তারিক বিন জোহর তমাল, গোলাম মোস্তফা, আলাউদ্দিন, ওবায়দুর কাদের তাহসিন, ইমরান হোসেন ইমরান, আজিজুর রহমান আজিজ, মীর মো. নূরে আলম লিমন, আল-আমিন শেখ, রফিকুল ইসলাম, মনিরুল হক পাভেল, কামরুল হাসান ও মোশারফ হোসেন। উল্লেখিত আসামিদের মধ্যে প্রথম ৭ জন কারাগারে আটক আছেন ও অপর ১৪ জন পলাতক রয়েছেন। পলাতক ১৪ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির আবেদন করা হয়েছে। আটক ৭ জনের মধ্যে শাকিল, নাহিদ, এমদাদ ও শাওন আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। রিকশাওয়ালা রিপনসহ ৪১ জনকে সাক্ষী করা হয়েছে। তবে, এ মামলায় আদালতপাড়া থেকে গ্রেফতার হওয়া ৪ জনের বিরুদ্ধে তদন্তে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের অব্যাহতি দেয়ার আবেদন করা হয়েছে। এরা হলেন- মামুন অর রশিদ, ফারুক হোসেন, কাজী নাহিদুজ্জামান তুহিন ও মোসলেহউদ্দীন মোসলেম।